তারিখ ২৭ OCT 2015
পৃষ্ঠা ১৮ কলাম ২

গান্তর

# আটপাড়ায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

## তদন্ত কমিটি গঠন

নেত্রকোনা প্রতিনিধি

নেত্রকোনার আটপাড়া উপজেলা সদরের বানিয়াজান স্রিটি পাইলট উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক কামাল উদ্দিন খানের বিরুদ্ধে বিদ্যালয়ের অর্থ, তিনটি ল্যাপটপ আত্মসাৎসহ ১২টি অনিয়মের অভিযোগের তদন্তের জন্য রোববার ৩ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ৩০ অক্টোবরের মধ্যে তদন্ত সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। জানা গেছে, আটপাড়ার বানিয়াজান সিটি পাইলট উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক কামাল উদ্দিন খানের বিরুদ্ধে বিদ্যালয়ের অর্থ, তিনটি ল্যাপটপ, বিনাপ্রয়োজনে বিভিন্ন অফিসে ঘোরাফেরা, বিদ্যালয়ের প্রশংসাপত্র, বিভিন্ন সার্টিফিকেট, তথ্য ফরম ও মার্কশিটের টাকা বিনারশিদে গ্রহণসহ ১২টি অনিয়মের অভিযোগে বিদ্যালয় পরিচালনা কমিটি জরুরি সভা করে। সভায় ৩ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত নেয়া হয়।